BENG - H - GE (T-2)

SEMESTER - II

Topic - ভাষাতত্ত্ব (ধ্বনিপরিবর্তনের ধারা)

Teacher's Name : Soma Biswas

১) ধ্বনি পরিবর্তনের কারণ গুলি উল্লেখ কর?

⇒ ~~ধ্বনি পরি~~ নানা কারণে কোনো একটি ভাষার ধ্বনি পরিবর্তিত হতে পারে। যথা —

(i) বাগযন্ত্রের ত্রুটি। যেমন - কাক > কাগ

(ii) আরামপ্রিয়তার কারণে শব্দের কঠিন বা জটিল উচ্চারণকে সহজ করতে, উচ্চারণের কষ্ট লাঘব করতে অনেকেই যুক্তব্যঞ্জনকে ভেঙে উচ্চারণ করে। যেমন — লক্ষ্মী > লোকখি।

২) ধ্বনি পরিবর্তনের প্রধান চারটি ধারার নাম লেখ

⇒ (i) ধ্বনির আগম

(ii) ধ্বনির লোপ

(iii) ধ্বনির রূপান্তর

(iv) ধ্বনির স্থানান্তর

৩) অপিনিহিতির সংজ্ঞা দাও?

- অপিনিহিতি শব্দটির অর্থ হল পূর্বে স্থাপন (অপি অর্থাৎ পূর্বে, নিহিতি অর্থাৎ স্থাপন)।
- অপিনিহিতির প্রয়োগ বঙ্গালি উপভাষায় দেখা যায়।
- অনেক সময় শব্দের মধ্যে 'ই' বা 'উ' স্বরধ্বনি কোনো ব্যঞ্জনের সঙ্গে যুক্ত থাকলে সেই স্বরটি যে-স্থানে উচ্চারিত হওয়ার কথা তার আগেই উচ্চারিত হওয়ার প্রবণতা লক্ষ্য করা যায়। এর ফলে যে ধ্বনি পরিবর্তন ঘটে তাকেই অপিনিহিতি বলে। যেমন —

করিয়া (ক্+অ+র্+ই+য়্+আ) >
কইর্‌য়া (ক্+অ+ই+র্+য়্+আ)।

বাংলায় চার ধরনের অপিনিহিতি লক্ষ করা যায়। যথা —

(i) ই কারের অপিনিহিতি —
কালি > কাইল

(ii) উ- কারের অপিনিহিতি -
সাধু > সাউধ

(iii) য - ফলার (ইঅ) অন্তর্নিহিত 'ই' কারের অপিনিহিতি — বাক্য > বাইক্ক

(iv) ক্ষ (খিয়), জ্ঞ (গ্যাঁ) যুক্তব্যঞ্জনের অপিনিহিতি
যজ্ঞ > যইগ্গ
রাক্ষস > রাইক্খস

৪) অভিশ্রুতি বলতে কি বোঝ?

⇒ অপিনিহিতি জাত ই- কার বা উ- কার এক বিশেষ সন্ধির নিয়মে পূর্ববর্তী স্বরধ্বনির সাথে মিলিত হলে এবং তার প্রভাবে পরবর্তী স্বরের সংগতি তথা রূপান্তর ঘটলে, স্বরধ্বনির সেই পরিবর্তনকেই অভিশ্রুতি বলে।
যেমন —
বলিয়া (ব্+অ+ল্+ই+য়্+আ) > বইল্যা
(ব্+অ+ই+ল্+য়্+আ > বলে
(অপিনিহিতি) (অভিশ্রুতি

□ অভিশ্রুতির প্রয়োগ রাঢ়ি উপভাষায় দেখা যায়।